



ঘরের ভেতরের বায়ু দূষণ

ফারহানা মিঠু, অভিনেত্রী

বিশ্বজুড়ে ভারিয়ারা, যক্ষা এবং ম্যালেরিয়ার যে পরিমাণ শিশু মারা যায়, শ্বাসযন্ত্রের রোগসংক্রমণে তার চেয়েও বেশি শিশু মারা যায়। বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশগুলোতে রান্নাঘর থেকে যে ধোঁয়া সৃষ্টি হয়, তার বেশিরভাগই পরিবারের মানুষের শ্বাসের সাথে ফুসফুসের ভেতরে চলে যায়। ফলে শ্বাসযন্ত্রের নানা রকম রোগ দেখা দেয়।

অনেকে মনে করেন, খাবার রান্না করার ধোঁয়ায় কোনো ক্ষতি নেই। আসলে কিন্তু তা নয়। ধোঁয়া ধোঁয়াই। ঘরের ভেতরের বায়ু দূষণের কারনেই এরকম রোগ সংক্রমিত হচ্ছে বলে আজ প্রমাণিত। তাই যে সকল মহিলারা রান্না-বান্না করেন বিশেষভাবে তারা এবং তাদের বাচ্চারা এই মুঁকির সম্মুখীন। সে জন্যে ঘরের ভেতরে বা কাচে আশ্রয় জ্বালানোর ব্যাপারে আমাদের সচেতন হওয়া প্রয়োজন।



যে কোনো ধরনের জিজ্ঞাসায়, হটলাইন: ০১৭৩৩৭০১৬৬৬
ফেসবুক: facebook/modernchula

মডার্ন চুলা

✓ জ্বালানি কম ✓ ধোঁয়া কম ✓ সহজে স্থানান্তর করা যায় ✓ সুরক্ষিত সূচ্য



সকরা বদলেছে, চুলা বদলাও

মডার্ন চুলা কী?


মডার্ন চুলা হলো উন্নতমানের এক ধরনের রান্নার চুলা। এতে জ্বালানি খরচ কম হয়, ধোঁয়া কম হয় এবং সহজে এক স্থান থেকে অন্য স্থানে নিয়ে রান্নার কাজ করা যায়। বিভিন্ন ধরনের মডার্ন চুলা আছে। যার মূল্য ১২০০ টাকা থেকে শুরু। সুতরাং যে কোনো আয়ের মানুষ এ চুলা কিনতে পারে।

মডার্ন চুলা চিনতে 'চরকা' চিহ্ন চিনে রাখা দরকার। চিহ্নটি যেখানে দেখবেন, সেখানেই মডার্ন চুলা কিনতে পাবেন। তবে চুলার গায়েও 'চরকা' চিহ্নটি আছে কিনা দেখে নেবেন।

মডার্ন চুলার উপকারিতা কী?

- মাটির চুলার চেয়ে উন্নত বলে এতে জ্বালানি সরঞ্জাম কম লাগে। ফলে প্রতি মাসে ২০০ থেকে ৫০০ টাকা পর্যন্ত খরচ বাঁচানো যায়। সেই হিসেবে ৩ থেকে ১২ মাসের মধ্যেই মডার্ন চুলা কেনার খরচ তুলে ফেলা সম্ভব।
- মডার্ন চুলায় ধোঁয়া কম হয় বলে রান্নাঘর পরিষ্কার থাকে এবং দেয়ালে কালি পড়ে না।
- ধোঁয়া কম হবার কারণে এই চুলা ব্যবহারে শ্বাসযন্ত্রের রোগের ঝুঁকি কম থাকে।
- মডার্ন চুলা ছাপানে ঝামেলা নেই বলে এটাকে সহজেই এক স্থান থেকে অন্য স্থানে নিয়ে যাওয়া যায়।
- মডার্ন চুলা দেখতেও বেশ আকর্ষণীয়, তাই এটা রান্নাঘরের শোভা বাড়ায়।
- প্রতিটি মডার্ন চুলার সাথে কমপক্ষে ৩ বছরের গ্যারান্টি পাওয়া যায়।

মডার্ন চুলায় কি আছে?



- অত্যাধুনিক তাপক্ষয় প্রতিরোধক, যা উচ্চতাপ রক্ষা করে রান্নাকে আরো সাশ্রয়ী করে তোলে
- বাতাস ঢোকানোর জন্যে সূক্ষ্মভাবে তৈরি বায়ু প্রকোষ্ঠ, যা আগুনের শিখাকে ভালোভাবে জ্বলতে সাহায্য করে
- পর্যাপ্ত পরিমাণ জ্বালানি ঢোকানোর জন্যে এর রয়েছে উঁচু জ্বালানিমুখ
- প্যালেট ভিত্তিক মডেলে পাখার ব্যবস্থা রয়েছে, যাতে জ্বালানি সম্পূর্ণভাবে গোড়ে এবং কম ধোঁয়া নির্গত হয়

চিত্র: মডার্ন চুলায় যা যা আছে

কিভাবে কাজ করে?

- জ্বালানিকে ভালোভাবে পুড়তে সাহায্য করে বিধায় জ্বালানি কম লাগে
- তাপ ধরে রাখার আনবরণ থাকার কারণে তাপক্ষয় কম হয়
- পর্যাপ্ত বাতাস চলাচলের জন্যে যথেষ্ট জায়গা থাকে
- কিছু মডেলে ফ্যান থাকে বলে আগুনের শিখায় বাতাস দিয়ে অল্প সময়ে রান্না করতে সাহায্য করে

মডার্ন চুলার রকমভেদ

বাজারে দুই ধরনের মডার্ন চুলা রয়েছে। একটি হচ্ছে শুধুমাত্র জ্বালানি কাঠ বা লাকড়ি নির্ভর। অন্যটি হলো প্যালেট নির্ভর। তবে এই দুই ধরনের চুলার বিভিন্ন মডেল রয়েছে। নিচে ছবিসহ মডেলগুলোর নাম ও রকম দেয়া হলো:

জ্বালানি কাঠ নির্ভর

- অগ্নি শিখা
- শক্তি
- মুসপানী

প্যালেট নির্ভর

- লাস্কার
- খিন
- ভেনাস

যে কোনো মডার্ন চুলায় আপনি কাঠ বা লাকড়ি ব্যবহার করতে পারেন এবং টাকাও বাঁচাতে পারেন। এমনকি প্যালেট নির্ভর চুলার বেলায়ও আপনি সহায় প্যালেট কিনতে পারেন অথবা প্যালেটের মতো করে লাকড়ি বা কাঠকে ছোট ছোট করে কেটে নিয়ে ব্যবহার করতে পারেন।

আপনার এলাকায় যদি গ্যাস সংযোগ না থাকে এবং আপনি যদি এলপি গ্যাসের জন্য অতিরিক্ত টাকা খরচ করতে না চান, তাহলে 'চরকা' চিহ্নিত মডার্ন চুলাই আপনার জন্য সেরা সমাধান।

আপনার উপযুক্ত মডার্ন চুলাটি কিনুন এবং ৩ থেকে ১২ মাসের মধ্যে চুলার দাম তুলে ফেলুন।